গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পোস্টমাস্টার জেনারেল এর কার্যালয়
উত্তরাঞ্চল, রাজশাহী-৬২০৩
pmgraj.bdpost.gov.bd

'ডাক সেবার আধুনিকায়ন
গ্রাম-শহরের সম্মিলন'

নথি নম্বর: ১৪.৩১.৮১০০.০২৪.১১.০০১.২৪

তারিখ: রাজশাহী, ১৪ জানুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ।

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

ডাক অধিদপ্তরের অধীনস্থ পোস্টমাস্টার জেনারেল এর কার্যালয়, উত্তরাঞ্চল, রাজশাহী'তে "বাংলাদেশ পোস্ট অফিস (গেজেটেড ও নন গেজেটেড কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৫" এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের "কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯" অনুসরণে নিম্নবর্ণিত পদসমূহে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে বর্ণিত শর্ত সাপেক্ষে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে অনলাইনে (http://pmgnc.teletalk.com.bd) আবেদন আহ্বান করা যাচ্ছে।

| ক্র: নং | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | বয়সসীমা **(১৫-১-২০২৫ তারিখে)** | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা | যে সকল জেলার অধিবাসী আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ১ | সাঁটমুদ্রাক্ষরিক-কাম কম্পিউটার অপারেটর (স্টেনোটাইপিস্ট) গ্রেড-১৪ (১০,২০০-২৪,৬৮০) | ০১ (এক) টি | (১৮-৩২ বছর) ১১ (মু: প্র) তাং- ১৮ নভেম্বর ২০২৪ এ প্রকাশিত অধ্যাদেশ নং ১১, ২০২৪ অনুসারে। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রী; (খ) সাঁটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলা-৪৫ শব্দ, ইংরেজী-৭০ শব্দ থাকতে হবে; (গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলা-২৫ শব্দ, ইংরেজী-৩০ শব্দ থাকতে হবে; (ঘ) কম্পিউটার ব্যবহারে অবশ্যই দক্ষতা থাকতে হবে। | পোস্টমাস্টার জেনারেল এর কার্যালয়, উত্তরাঞ্চল, রাজশাহী এর অধিভুক্ত (কুড়িগ্রাম জেলার রৌমারী ও চর রাজিবপুর উপজেলা এবং সিরাজগঞ্জ জেলার চৌহালী উপজেলা ব্যতিত) রাজশাহী এবং রংপুর বিভাগের সকল জেলা। |
| ২ | উচ্চমান সহকারী গ্রেড-১৪ (১০,২০০-২৪,৬৮০) | ০৭ (সাত) টি | ঐ | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রী; (খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলা-২৫ শব্দ, ইংরেজী-৩০ শব্দ থাকতে হবে; (গ) কম্পিউটার ব্যবহারে অবশ্যই দক্ষতা থাকতে হবে। | |
| ৩ | ক্যাশিয়ার গ্রেড-১৪ (১০,২০০-২৪,৬৮০) | ০১ (এক) টি | ঐ | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী। | |
| ৪ | কম্পাউন্ডার/ ফার্মাসিস্ট গ্রেড-১৪ (১০,২০০-২৪,৬৮০) | ০১ (এক) টি | ঐ | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কোন স্বীকৃত হেলথ ইন্সটিটিউট হতে ফার্মাসিস্ট কোর্সে সার্টিফিকেটধারী। | |
| ৫ | পোস্টাল অপারেটর গ্রেড-১৫ (৯,৭০০-২৩,৪৯০) | ১২৬ (একশত ছাব্বিশ) টি | ঐ | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএতে উত্তীর্ণ। | |
| ৬ | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক গ্রেড-১৬ (৯,৩০০-২২,৪৯০) | ০৮ (আট) টি | ঐ | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএতে উত্তীর্ণ। (খ) কম্পিউটার ব্যবহারে অবশ্যই দক্ষতা থাকতে হবে। (গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলা-২০ শব্দ, | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | | ইংরেজী-২০ শব্দ থাকতে হবে; | |
| ৭ | প্লাম্বার<br>গ্রেড-১৬<br>(৯,৩০০-২২,৪৯০) | ০১<br>(এক) টি | ঐ | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোন স্বীকৃত বোর্ড/ইন্সটিটিউট/প্রতিষ্ঠান হতে প্লাম্বিং এ ট্রেড কোর্সধারী। | |
| ৮ | ইঞ্জিন ড্রাইভার<br>গ্রেড-১৬<br>(৯,৩০০-২২,৪৯০) | ০১<br>(এক) টি | ঐ | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোন স্বীকৃত বোর্ড/ইন্সটিটিউট/প্রতিষ্ঠান হতে ২ (দুই) বৎসর মেয়াদী মেকানিক্যাল ট্রেড কোর্সধারী। | |
| ৯ | পোস্টম্যান<br>গ্রেড-১৭<br>(৯,০০০-২১,৮০০) | ৪২<br>(বিয়াল্লিশ) টি | ঐ | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ তে উত্তীর্ণ। | |
| ১০ | স্ট্যাম্প ভেন্ডার<br>গ্রেড-১৮<br>(৮,৮০০-২১,৩১০) | ০১<br>(এক) টি | ঐ | (ক) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। | |
| ১১ | ওয়্যারম্যান<br>গ্রেড-১৯<br>(৮,৫০০-২০,৫৭০) | ০১<br>(এক) টি | ঐ | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোন স্বীকৃত বোর্ড/ইন্সটিটিউট/প্রতিষ্ঠান হতে ইলেকট্রিক ট্রেড কোর্সে বি/সি ক্যাটাগরি লাইসেন্সধারী। | |
| ১২ | আর্মড গার্ড<br>গ্রেড-১৯<br>(৮,৫০০-২০,৫৭০) | ০১<br>(এক) টি | ঐ | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) অস্ত্র চালনায় প্রশিক্ষণ প্রাপ্ত। | |
| ১৩ | প্যাকার কাম মেইল ক্যারিয়ার<br>গ্রেড-১৯<br>(৮,৫০০-২০,৫৭০) | ৬০<br>(ষাট) টি | ঐ | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। | |
| ১৪ | অফিস সহায়ক<br>(এমএলএসএস)<br>গ্রেড-২০<br>(৮,২৫০-২০,০১০) | ২০<br>(বিশ) টি | ঐ | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ১৫ | গার্ডেনার<br>গ্রেড-২০<br>(৮,২৫০-২০,০১০) | ০২<br>(দুই) টি | ঐ | (ক) অষ্টম শ্রেণী বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) বাগান পরিচর্যার অভিজ্ঞতা থাকতে হবে। | |
| ১৬ | পরিচ্ছন্নতা কর্মী(সুইপার)<br>গ্রেড-২০<br>(৮,২৫০-২০,০১০) | ০৬<br>(ছয়) টি | ঐ | (ক) অষ্টম শ্রেণী বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) মোট পদের ৮০% জাত হরিজনদের জন্য বরাদ্দ থাকবে এবং জাত হরিজন প্রার্থী পাওয়া না গেলে সেই সকল পদ সাধারণ প্রার্থীদের দ্বারা পূরণ করা হবে। | |
| ১৭ | রানার<br>গ্রেড-২০<br>(৮,২৫০-২০,০১০) | ৮১<br>(একাশি) টি | ঐ | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। | |
| ১৮ | নিরাপত্তা প্রহরী<br>গ্রেড-২০<br>(৮,২৫০-২০,০১০) | ০৯<br>(নয়) টি | ঐ | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। | |

**অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্ত ও নিয়মাবলী:**

**১. বিশেষ নির্দেশনা**

১.১. নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদসমূহে নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক জারিকৃত সর্বশেষ আইন, বিধি ও নীতি অনুসরণ করা হবে।

১.২. যেকোন কারনে নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত শূন্য পদের সংখ্যা পরিবর্তিত হতে পারে।

১.৩. প্রার্থী কর্তৃক যে-কোন তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণ হলে বা প্রয়োজনীয় তথ্য গোপন করা হলে বা কোন অযোগ্যতা ধরা পড়লে অথবা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে অথবা মিথ্যা/ভিন্ন/ভুল তথ্য দিয়ে একাধিকবার ফরম পূরণ করে একাধিক প্রবেশপত্র গ্রহণ করলে অথবা পরীক্ষায় অসদুপায় অবলম্বন করলে অথবা পরীক্ষার কেন্দ্রে দুর্ব্যবহার করলে পরীক্ষার পূর্বে বা পরে, এমনকি নিয়োগের পরে যেকোন পর্যায়ে প্রার্থিতা বা নিয়োগ বাতিল করাসহ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১.৪. সরকারের পুর্বানুমতি ব্যাতিরেকে কোন প্রার্থী কোন বিদেশি নাগরিককে বিবাহ করলে বা বিবাহ করতে প্রতিজ্ঞাবদ্ধ হলে তিনি আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবেন।

১.৫. ক) প্রজাতন্ত্রের কর্মে অথবা স্থানীয় কর্তৃপক্ষের অধীনে চাকুরিরত প্রার্থীদের মধ্যে যোগ্য এবং নির্ধারিত বয়সের প্রার্থীরা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক অনুমতিপ্রাপ্ত হলে নিয়োগের জন্য নির্ধারিত প্রতিযোগিতামূলক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

খ) প্রজাতন্ত্রের কর্মে অথবা স্থানীয় কর্তৃপক্ষের অধীন চাকুরি হতে অপসারিত হয়েছেন বা চাকুরি হতে ইস্তফা দিয়েছেন এমন প্রার্থীরাও পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। তবে এই ক্ষেত্রে প্রার্থীকে চাকুরি হতে অপসারণ আদেশের কপি বা ইস্তফাপত্র গৃহীত হয়েছে মর্মে নিয়োগকারী কর্তৃপক্ষের আদেশনামা দাখিল করতে হবে।

গ) কোন প্রার্থী ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হলে কিংবা প্রজাতন্ত্রের কর্মে অথবা স্থানীয় কর্তৃপক্ষের অধীনে চাকুরি হতে বরখাস্ত হয়ে থাকলে তিনি আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবেন।

১.৬. প্রার্থী মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/বীরাঙ্গনার পুত্র-কন্যা হলে যথাযথ কর্তৃপক্ষের সনদপত্রের প্রমাণক সংযুক্ত করতে হবে।

১.৭. প্রতিবন্ধী প্রার্থীদেরকে সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিসের উপ-পরিচালক/ সমমর্যাদা সম্পন্ন/দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবন্ধী সনদপত্র দাখিল করতে হবে।

১.৮. প্রার্থী ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর অন্তর্ভুক্ত হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে।

১.৯. প্রার্থী তৃতীয় লিঙ্গের হলে সমাজসেবা অধিদপ্তরের সনদপত্র দাখিল করতে হবে।

১.১০. ১৬ নং ক্রমিকে প্রার্থী হরিজন সম্প্রদায়ের হলে যথাযথ কর্তৃপক্ষের সনদপত্রের প্রমাণক সংযুক্ত করতে হবে।

১.১১. প্রার্থীকে মৌখিক পরিক্ষার বোর্ডে সকল শিক্ষাগত যোগ্যতা, সকল অভিজ্ঞতা, কোটা বা অন্য কোন সুবিধা দাবীর ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রসমূহের মূল কপি (যেমন শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, প্রযোজ্য ক্ষেত্রে বয়স প্রমাণের সনদপত্র, অভিজ্ঞতা/অন্যান্য যোগ্যতার সনদপত্র, স্থায়ী ঠিকানার সনদপত্র, কোটা সুবিধার ক্ষেত্রে প্রযোজ্য সনদপত্র ইত্যাদি) প্রদর্শন করতে হবে এবং সনদপত্রসমূহের এক সেট সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

১.১২. নিয়োগের লক্ষ্যে অনুষ্ঠেয় পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রার্থীকে টিএ/ডিএ প্রদান করা হবে না।

১.১৩. সকল প্রার্থীর আবেদন অনলাইনে প্রসেস করা হবে। অন্য কোনভাবে বা অন্য মাধ্যমে দাখিলকৃত আবেদন বাতিল বলে বিবেচিত হবে।

**২. নাগরিকত্ব**

২.১ প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক এবং স্থায়ী বাসিন্দা হতে হবে। নাগরিকত্ব প্রমাণের জন্য জাতীয় পরিচয়পত্র (NID) বা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন এর যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ দাখিল করতে হবে।

২.২ প্রার্থী কর্তৃক আবেদনপত্রে বর্ণিত স্থায়ী ঠিকানা যদি ইতোপূর্বে কোন সার্টিফিকেট বা অন্যত্র বর্ণিত স্থায়ী ঠিকানা হতে ভিন্নতর হয় তবে সে ক্ষেত্রে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার পক্ষে জাতীয় পরিচয়পত্র (NID) বা সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন মেয়র/ওয়ার্ড কমিশনার/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র দাখিল করতে হবে।

**৩. সংরক্ষণ**

৩.১ নিয়োগ পরীক্ষা ও নিবন্ধন সংক্রান্ত যে-কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৩.২ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে-কোন সময় নিয়োগ পরীক্ষা বাতিল/স্থগিত/প্রত্যাহার করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

**৪. অনলাইন আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও করণীয়:**

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://pmgnc.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ১৬/০১/২০২৫ খ্রি: সকাল ১০.০০ ঘটিকা।

(ii) Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ০৫/০২/২০২৫ খ্রি: ১১.৫৯ মিনিট পর্যন্ত। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ online-এ আবেদনপত্র submit- এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 KB এবং স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online এ আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে নির্দেশনা অনুযায়ী ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদন submit করার পর কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। আবেদন submit করে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (অসম্পূর্ণ কালো/ সম্পূর্ণ সাদা/ ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয়। তাই আবেদন ফি জমাদানের পূর্বে অবশ্যই Applicant's Copy তে সাম্প্রতিক তোলা রঙ্গিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর নিশ্চত হয়ে PDF Copy ডাউনলোডপূর্বক রঙ্গিন প্রিন্ট সম্পন্ন করে সংরক্ষণ করবেন। Applicant's কপি তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিমোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Prepaid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকে ১-৮ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও টেলিটক এর সার্ভিস চার্জ বাবদ ১২/- (বার) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ১১২/- (একশত বার) টাকা এবং ৯-১৮ নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও টেলিটক এর সার্ভিস চার্জ বাবদ ৬/- (ছয়) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ৫৬/- (ছাপান্ন) টাকা। তবে সকল গ্রেডের অনগ্রসর (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের) প্রার্থীগণ সকল গ্রেডের জন্য আবেদন ফি বাবদ ৫০/-(পঞ্চাশ মাত্র) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ (অফেরতযোগ্য) ৬/- (ছয়) টাকাসহ সর্বমোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ ঘণ্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, " Online- এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

(চ) ফি জমা দানের পদ্ধতি:

প্রথম SMS: **PMGNC**<space>**User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: PMGNC ABCDEF & send to 16222
Reply: Applicant's Name, TK-112/56 will be charged as application fee. Your PIN is 12345678.
To pay fee Type PMGNC<space>Yes<space>PIN and send to 16222

দ্বিতীয় SMS: **PMGNC**<space>**Yes**<space>**PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: PMGNC Yes 12345678 & send to 16222.
Reply: Congratulations! Applicant's Name, Payment completed successfully for PMGNC Application for (post name) User ID is (ABCDEF) and password (xxxxxxxx).

(ছ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://pmgnc.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু মাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online-এ আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষনিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষনিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

(জ) SMS এ প্রেরিত User ID এবং password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থীকে প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করতে হবে।

(ঋ) শুধুমাত্র টেলিটক প্রিপেইড মোবাইল নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ User ID এবং password পুনরুদ্ধার করতে পারবেন।

* User ID জানা থাকলে-

**PMGNC**<space>**Help**<space>**User**<space>**User Id** & send to 16222.

Example: PMGNC Help User ABCDEF & send to 16222.

* Pin Number জানা থাকলে:

**PMGNC**<space>**Help**<space>**PIN**<space>**Pin No** & send to 16222.

Example: PMGNC Help PIN 12345678 & send to 16222.

(এ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে alljobs.query@teletalk.com.bd ই-মেইলে অথবা ১২১ নম্বরে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর subject-এ Organization Name: PMGNC, Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

৫. পরীক্ষা সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্যাদি:

ক) নিয়োগ পরীক্ষার উত্তরপত্র একটি গোপনীয় দলিল। এটি কোন প্রার্থী বা তার প্রতিনিধিকে কোনভাবেই প্রদর্শন করা হবেনা এবং উক্ত পরীক্ষার নম্বর কোন প্রার্থী বা তাঁর প্রতিনিধিকে প্রদর্শন বা প্রদান করা হবেনা।

খ) পরীক্ষার উত্তরপত্র পুন:নিরীক্ষণ বা পুন:পরীক্ষণের সুযোগ থাকবে না;

গ) পরীক্ষার প্রশ্নপত্র উত্তরপত্রের সাথে জমা দিয়ে দিতে হবে।

৬. নিয়োগের ক্ষেত্রে যে কোন প্রকার সুপারিশ/তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। চাকরি প্রাপ্তির আশ্বাসে প্রলোভিত হয়ে কোন ব্যক্তি/দালাল/প্রতারক চক্রের সাথে আর্থিক লেনদেন করা হতে বিরত থাকুন।

৭। উপরে উল্লেখ করা হয়নি এরূপ কোন বিষয়ের উদ্ভব হলে সেক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

৮। বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও পোস্টমাস্টার জেনারেল এর কার্যালয়, উত্তরাঞ্চল, রাজশাহী এর Website: https://pmgraj.bdpost.gov.bd এবং http://pmgnc.teletalk.com.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য পোস্টমাস্টার জেনারেল এর কার্যালয়, উত্তরাঞ্চল, রাজশাহী এর ওয়েবসাইট (https://pmgraj.bdpost.gov.bd) এবং ডাক অধিদপ্তরের ওয়েবসাইটে (www.bdpost.gov.bd) পাওয়া যাবে।

৯। প্রার্থীগণকে শেষ তারিখের জন্য অপেক্ষা না করে পর্যাপ্ত সময় নিয়ে সতর্কতার সাথে নিজে অনলাইনে যথাযথ ভাবে আবেদন পত্র পূরণ এবং নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে ফি জমাদানসহ সকল প্রক্রিয়া সম্পন্ন করার জন্য অনুরোধ করা যাচ্ছে। যথাযথ নিয়ম মেনে পরীক্ষায় অংশগ্রহণ করুন এবং নিয়োগ প্রাপ্ত হয়ে বাংলাদেশ ডাক বিভাগের মাধ্যমে দেশ সেবার সুযোগ লাভ করুন।

14.01.25

**(মো: রাকিব বিশ্বাস)**
ডেপুটি পোস্টমাস্টার জেনারেল (তদন্ত)
ও
সদস্য সচিব
নিয়োগ ও বাছাই কমিটি
উত্তরাঞ্চল, রাজশাহী।

পোস্টমাস্টার জেনারেল এর কার্যালয়, উত্তরাঞ্চল, রাজশাহী এর ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

পোস্টমাস্টার জেনারেল এর কার্যালয়, উত্তরাঞ্চল, রাজশাহী এর টেলিটক পোর্টালে প্রবেশ এর QR Code